

Approved for
circulation
Rmt
05/11/24
Principal
Karimganj College

DEPARTMENT OF BENGALI
KARIMGANJ COLLEGE
KARIMGANJ, ASSAM, PIN- 788710

Ref. No.....

তারিখ: ০৫.১১.২০২৪

বিজ্ঞপ্তি

২০২৪ সালের ৩ অক্টোবর কেন্দ্রীয় ক্যাবিনেট ভারতবর্ষের প্রাচীন ভাষার স্বীকৃতি স্বরূপ বাংলা এবং অসমীয়াকে ধ্রুপদী ভাষার স্বীকৃতি প্রদান করেন। এটি আমাদের কাছে অত্যন্ত গৌরবের। সেই সূত্রে আসাম সরকার ৩ নভেম্বর থেকে ৯ নভেম্বর ৭ দিন মর্যাদা সহকারে বাংলা এবং অসমীয়াসহ অন্যান্য যত ভাষা আসামে রয়েছে সবাইকে নিজ নিজ ভাষার প্রচার ও প্রসারের জন্য ভাষা গৌরব সপ্তাহ পালন করার নির্দেশ দিয়েছেন। আসাম সরকারের ভাষা গৌরব সপ্তাহ পালনের নির্দেশনা অনুসারে করিমগঞ্জ মহাবিদ্যালয়ের বাংলা বিভাগ ছাত্র-ছাত্রীদের মধ্যে কিছু প্রতিযোগিতার আয়োজন করেছে। করিমগঞ্জ মহাবিদ্যালয়ের যে কোনো বিভাগের ছাত্রছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে। বিভিন্ন প্রতিযোগিতার নির্দেশনা ও নিয়মাবলী নীচে উল্লেখ করা হয়েছে। সবধরনের প্রতিযোগিতা অনলাইনে হবে। প্রতিযোগিতায় যার বিজয়ী হবে তাদের ৯ নভেম্বর করিমগঞ্জ মহাবিদ্যালয় আয়োজিত ভাষা গৌরব সপ্তাহ পালনের কেন্দ্রীয় অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে।

প্রতিযোগিতা:

১. বানান প্রতিযোগিতা

(১০০টি বানান দেওয়া থাকবে, তার মধ্যে শুদ্ধ বানানটি বেছে নিতে হবে। সময় থাকবে ৩০ মিনিট। নির্ধারিত সময়ই প্রতিযোগিতার লিঙ্ক খুলবে এবং বন্ধ হয়ে যাবে। ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে সাবমিট করতে হবে। প্রতিযোগিতা হবে ৭ নভেম্বর ১২.৩০ মিনিটে। লিঙ্ক কলেজের ওয়েবসাইটে দেওয়া হবে।)

২. বাংলা এবং বাংলা সাহিত্যের উপর কুইজ প্রতিযোগিতা

(৫০টি প্রশ্ন দেওয়া থাকবে। সময় থাকবে ৩০ মিনিট। নির্ধারিত সময়ই প্রতিযোগিতার লিঙ্ক খুলবে এবং বন্ধ হয়ে যাবে। ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে সাবমিট করতে হবে। প্রতিযোগিতা হবে ৮ নভেম্বর ১২.৩০ মিনিটে। লিঙ্ক কলেজের ওয়েবসাইটে দেওয়া হবে।)


৩. রচনা প্রতিযোগিতা

বিষয়- মাতৃভাষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা (১০০০ শব্দের মধ্যে)

৪. কবিতা ও ছোটগল্প প্রতিযোগিতা

৫. স্লোগান প্রতিযোগিতা

(রচনা, কবিতা ও ছোটগল্প, স্লোগান এই তিনটি প্রতিযোগিতার অংশগ্রহণকারীদের লেখা বিভাগের ইমেইলে ৮ নভেম্বর ১১.৩০ মিনিটের মধ্যে পাঠাতে হবে। ইমেইলের সাবজেক্ট অংশে প্রতিযোগিতার নাম উল্লেখ করে লেখার নীচে নিজের নাম, ক্লাস, রোল নং, মোবাইল নং উল্লেখ করা বাধ্যতামূলক। বিভাগের ইমেইল: deptofbengkc@gmail.com)


০৫/১১/২০২৪

(ড. অভিজিৎ চক্রবর্তী)
বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ